

বিসিএস (পরিসংখ্যান) ক্যাডার অ্যাসোসিয়েশন

পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭

তারিখ: ২০ জুন ২০২০

শোক বার্তা



আমরা গভীর শোক ও অত্যন্ত দুঃখের সাথে জানাচ্ছি যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুগ্মসচিব, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এর কম্পিউটার উইং এর পরিচালক এবং বিসিএস (পরিসংখ্যান) ক্যাডারের সদস্য (৯ম ব্যাচ) জনাব জাফর আহাম্মদ খান কোভিড-১৯ এ আক্রান্ত হয়ে অদ্য ২০ জুন ২০২০ তারিখ রোজ: শনিবার, রাত: ৭:৪৫ ঘটিকায় সরকারি কর্মচারী হাসপাতাল, ঢাকায় চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

উল্লেখ্য, কর্মজীবনে তিনি বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সদর দপ্তর ও মাঠ পর্যায়ে গুরুত্বপূর্ণ বিভিন্ন পদে দক্ষতার সাথে দায়িত্ব পালন করেন। তিনি প্রকল্প পরিচালক হিসেবে বিবিএস এর বিভিন্ন গুমারি ও জরিপ কার্যক্রম অত্যন্ত সফলতার সাথে সম্পাদন করেন। সর্বশেষ কৃষি (শস্য, মৎস্য ও প্রাণিসম্পদ) গুমারি ২০১৯ এর প্রকল্প পরিচালক হিসেবে সাফল্যের সাথে দায়িত্ব পালন করেন।

জনাব জাফর আহাম্মদ খান ছাত্রজীবনে হতে একজন বলিষ্ঠ সংগঠক ছিলেন। তিনি বিসিএস (পরিসংখ্যান) ক্যাডার অ্যাসোসিয়েশনের একজন সাবেক সফল নেতা। তিনি যথাক্রমে অফিসার্স ক্লাব ঢাকা ও JICA'র অত্যন্ত সক্রিয় ও জনপ্রিয় একজন সদস্য ছিলেন। তিনি একজন দক্ষ পরিসংখ্যানবিদ, সং, নিষ্ঠাবান ও দেশ প্রেমিক কর্মকর্তা ছিলেন।

বিসিএস (পরিসংখ্যান) ক্যাডার অ্যাসোসিয়েশন এর কর্মকর্তাগণের পক্ষ থেকে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত ও শান্তি কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

স্বাক্ষরিত/-

মহিউদ্দিন আহমেদ, এমপিএইচ
সাধারণ সম্পাদক

স্বাক্ষরিত/-

মোঃ রফিকুল ইসলাম
সভাপতি (ভারপ্রাপ্ত)